

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৫৮.০৪.০০০০.০৫২.০১.০০১.২০২৬-১৪

তারিখ- ১৬ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

বিষয়: বাৎসরিক ফায়ারিং অনুশীলনে পুলিশ স্কটের পরিবর্তে কারাগারের নিজস্ব স্কট টিম প্রেরণ প্রসঙ্গে।


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারাগারসমূহে কর্মরত গার্ডিং স্টাফদের বাৎসরিক ফায়ারিং অনুশীলন পরিচালনার ক্ষেত্রে নিরাপত্তার স্বার্থে ইতোপূর্বে পুলিশ স্কট নিয়ে যাওয়ার প্রথা চালু রয়েছে। এতে যাতায়াতের জন্য পরিবহন খরচ, পুলিশ স্কটের সাথে সমন্বয় ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বহন করতে হয়। উক্ত ব্যয় সাশ্রয় এবং কারাগারের সামগ্রিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এখন থেকে পুলিশ স্কটের পরিবর্তে প্রত্যেক কারাগারের নিজস্ব স্কট টিম গঠন করে বাৎসরিক ফায়ারিং অনুশীলনে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বাৎসরিক ফায়ারিং অনুশীলনের সময় নিজস্ব স্কট টিমের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করণার্থে প্রশিক্ষিত, দক্ষ, অভিজ্ঞ ও দায়িত্বশীল ০১ (এক) জন সর্ব প্রধান কারারক্ষীকে স্কট ইনচার্জ, ০৩ (তিন) জন প্রধান কারারক্ষী / সহকারী প্রধান কারারক্ষী এবং ০৬ (ছয়) জন কারারক্ষীকে সদস্য হিসেবে অর্থাৎ মোট ১০ (দশ) জন গার্ডিং স্টাফের সমন্বয়ে স্কট টিম গঠন করতে হবে। স্কট টিমের সদস্য প্রত্যেকে ০১ (এক) টি করে বিডি ০৮ / ৭.৬২ মিঃমিঃ চাইনিজ রাইফেল বহন করবে এবং প্রতিটি রাইফেলের অনুকূলে ২০ রাউন্ড লুজ এ্যামোনিশন সহ স্কট ইনচার্জের তত্ত্বাবধানে ০১ (এক) সিল বক্স গুলি থাকবে। স্কট টিমের সাথে থাকা অস্ত্র ও গুলি ফায়ারিংয়ে ব্যবহার করা যাবেনা এবং স্কট টিমের সদস্য ফায়ারিংয়ে অংশগ্রহণ করতে পারবেনা। সংশ্লিষ্ট কারাগারের সিনিয়র জেল সুপার / জেল সুপার / জেলার / ডেপুটি জেলার স্কট টিমকে সার্বিক তদারকি করবেন। তিনি টিমের নিরাপত্তা ও শৃঙ্খলা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ থাকবেন।

ফায়ারিং অনুশীলনের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংযুক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ পূর্বক কারা অধিদপ্তর হতে লিখিত মুভমেন্ট অনুমোদন গ্রহণ করতে হবে এবং ফায়ারিং অনুশীলন শেষে সমাপনী প্রতিবেদন প্রেরণ করতে হবে।

এ নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তঃ ছক-----০১ (এক) টি।

সিনিয়র জেল সুপার/ জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।


মেহবাহুল আলম সেলিম
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।
ফোন: ০২৫-৭৩০০৪০০ (দপ্তর)
addl.ig.ops@prison.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে :

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৪. জেল সুপার, হসপিটাল/ইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, নাজিম উদ্দিন রোড, ঢাকা।
৫. জেল সুপার, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭. ব্যক্তিগত সহকারী (সকল), কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়দের সদয় অবগতির জন্য।
৮. গার্ড ফাইল।

কারাগার / প্রতিষ্ঠানের নামঃ -----

ক্রঃ নং	বিবরণ	বিস্তারিত তথ্য
১	স্কর্ট ইনচার্জের নাম, পদবী ও মোবাইল নম্বর	
২	স্কর্ট টিমের সদস্য সংখ্যা	
৩	স্কর্ট টিমের সদস্যদের নাম ও পদবী	
৪	স্কর্ট টিমের সদস্যদের অস্ত্রের বিবরণ (অস্ত্রের ধরন ও সংখ্যা)	
৫	স্কর্ট টিমের সদস্যদের গুলির সংখ্যা (অস্ত্রের ধরন অনুযায়ী)	
৪	ফায়ারিং অনুশীলনে অংশগ্রহণকারী সদস্য সংখ্যা (পদ ভিত্তিক)	
৫	ফায়ারিং অনুশীলনে অংশগ্রহণকারী সদস্যদের অস্ত্রের বিবরণ (অস্ত্রের ধরন ও সংখ্যা)	
৬	ফায়ারিং অনুশীলনে অংশগ্রহণকারী সদস্যদের গুলির সংখ্যা (অস্ত্রের ধরন অনুযায়ী)	
৭	ফায়ারিং অনুশীলনের তারিখ, সময় ও স্থান	
৮	যাতায়াতের রুট ও পরিবহনের বিবরণ (যানবাহনের ধরন)	

স্বাক্ষর
সিনিয়র জেল সুপার / জেল সুপার
সীলসহ